

## রাজধানীর স্কুলে স্কুলে চলছে চূড়ান্ত পর্বের ভর্তিযুদ্ধ

ইলিয়াস খান

**রা**জধানীর সরকারী-বেসরকারী স্কুলগুলোতে এখন চূড়ান্ত পর্বের ভর্তিযুদ্ধ চলছে। ইতোমধ্যে বেসরকারী অধিকাংশ স্কুলেই ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। ভিকারুন নিসা নূন, আইডিয়ালসহ কয়েকটি নামকরা স্কুলে ভর্তি পরীক্ষা এখনও বাকি। মহানগরীর সরকারী ২৪টি স্কুলে এখনও ভর্তি ফরম বিতরণ শুরু হয়নি। ইতোপূর্বে বিভিন্ন স্কুলে পরীক্ষা দিয়ে যেসব শিশু ভর্তির সুযোগ পায়নি, তাদের অভিভাবকদের লক্ষ্য এখন একমাত্র

আইডিয়াল স্কুল। এই স্কুলের ফরম ছাড়া হবে আগামী ১ জানুয়ারি থেকে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ভর্তি করা হবে সাড়ে ৪শ' ছাত্র। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে ৩১ ডিসেম্বর। ইতোমধ্যে উদয়ন, হালিডাস, সেন্ট জোসেফ, ইউনিভার্সিটি ল্যাবরেটরি, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলে ভর্তি পরীক্ষা শেষ হয়ে গেছে। এখন ভর্তির কাজ চলছে।

ভিকারুন নিসা নূনেও গত ১ নবেম্বর থেকে ৫ নবেম্বর পর্যন্ত ফরম বিতরণ করা হয়েছে। প্রথম শ্রেণীতে ৬০০ এবং ষষ্ঠ

১২-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন

### রাজধানীর স্কুলে স্কুলে (প্রথম পাতার পর)

শ্রেণীতে ৫০টি সিনেটের বিপরীতে পড়েছে ৪ হাজার আবেদনপত্র। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ ও ৪ জানুয়ারি। রেসিডেন্সিয়াল মডেল স্কুলে শনিবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তৃতীয় শ্রেণীতে ১৩০টি এবং নবম শ্রেণী ৫০টি আসনের জন্য আবেদন পড়েছে প্রায় দেড় হাজার। আজ রবিবারও ভর্তি পরীক্ষা নেয়া হবে। শনিবার পরীক্ষা চলাকালে অপেক্ষমাণ কয়েকজন অভিভাবকের সাথে কথা বললে সবার মধ্যেই ভর্তি নিয়ে উদ্বেগ-উৎকর্ষা দেখা গেছে। মিরপুরের শেওড়াপাড়া থেকে আগত অভিভাবক হাবিবুর রহমান বেলাল বলেন, ইতোপূর্বে কয়েকটি স্কুলে ছেলে ভর্তি পরীক্ষা দিয়েছে, কিন্তু ভর্তির সুযোগ পায়নি। এখন বাকি রয়েছে শুধু সরকারী স্কুলগুলো ও বেসরকারী আইডিয়াল স্কুল। কিন্তু যোগাযোগ ব্যবস্থার কারণে আইডিয়ালে ছেলে ভর্তি করা সম্ভব নয়। একই কথা অভিভাবিকা ঝর্না বেগমেরও। তিনিও ছেলেকে ভর্তি করা নিয়ে খুব দুঃখিতায় আছেন। তিনিই স্কুলের ভর্তি ফরম কিনেছিলেন ছেলের জন্য। কাজ হয়নি। অক্টোবর থেকে অভিভাবকদের মধ্যে একরকম যুদ্ধ শুরু হয়ে যায় বাচ্চাদের ভাল স্কুলে ভর্তি করানোর জন্য। কোটিং সেন্টার, স্কুলের শিক্ষকসহ বিভিন্ন জায়গায় মোটা অঙ্কের টাকা দিয়ে শিক্ষার্থীদের প্ররোচিত করা হয়। শেষ যুদ্ধে অনেকে সফল হয়, অনেকে হয় না। চলতি বছরেও তার ব্যত্যয় ঘটবে না। তবে ইতোপূর্বে বেসরকারী স্কুলে যারা ব্যর্থ হয়েছে তাদের জন্য শেষ সুযোগ রয়েছে সরকারী স্কুলে। মহানগরীর সরকারী ২৪টি স্কুলে আগামী ২ থেকে ৭ জানুয়ারি পর্যন্ত ভর্তি পরীক্ষার জন্য ফরম বিতরণ করা হবে। সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা গ্রহণের জন্য ২৪টি স্কুলকে তিন গ্রুপে ভাগ করা হয়েছে। পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারি। ৯ জানুয়ারি অনুষ্ঠিত হবে 'এ' গ্রুপের ভর্তি পরীক্ষা। 'এ' গ্রুপে রয়েছে গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গবর্নমেন্ট গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়।

১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে 'বি' গ্রুপে অন্তর্ভুক্ত মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গবর্নমেন্ট মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা। 'সি' গ্রুপের অন্তর্ভুক্ত ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুল্লাহ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় (ধানমন্ডি), ঢাকা কলেজিয়েট স্কুল, কামরুল্লাহ সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় (টিকাটলী), তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১১ জানুয়ারি। এ বছর ভর্তি পরীক্ষায় ফী ধার্য করা হয়েছে ৪০ টাকা। প্রথম শ্রেণী হতে তৃতীয় শ্রেণী পর্যন্ত প্রশ্নপত্র উত্তর লিখতে হবে এবং চতুর্থ শ্রেণী হতে নবম শ্রেণী পর্যন্ত প্রশ্নপত্র রচনামূলক আকারে প্রণয়ন করা হবে। পরীক্ষা-গ্রহণের তিন দিনের মধ্যে ফল প্রকাশ করা হবে।